

**WEST BENGAL STATE UNIVERSITY**

B.A. Honours 6th Semester Examination, 2021

BNGADSE05T-BENGALI (DSE3/4)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

বিভাগ-ক

- ১। প্রতিটি একক থেকে **একটি** করে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

একক-১

- (ক) দেশভাগের ইতিহাসের বাস্তব রূপ বাংলা সাহিত্যে কীভাবে প্রকাশ পেয়েছে, কয়েকটি উপন্যাস অনুসরণে তার পরিচয় দাও। ১০

অথবা

- (খ) উনিশশো ছেচল্লিশের দাঙ্গা-রাজনীতির ট্রাজেডি বাংলা ছোটগল্পের পরিসরে কীভাবে এসেছে, সংশ্লিষ্ট কয়েকটি রচনা অবলম্বনে আলোচনা করো। ১০

একক-২

- (গ) ‘অশনি সংকেত’ উপন্যাসে মঘসুরের যে বাস্তব এবং ভয়াবহ চিত্র তুলে ধরেছেন ঔপন্যাসিক, তার পরিচয় দাও। ১০

অথবা

- (ঘ) গঙ্গাচরণ ও অনঙ্গ-বৌ চরিত্র দুটির আলোচনাসূত্রে দেখাও যে, মঘসুর-বিধ্বস্ত পরিবেশের মধ্যে কীভাবে নতুন জীবনের বার্তা আভাসিত হয়েছে। ১০

একক-৩

- (ঙ) দেশভাগের পটভূমিকায় উপন্যাসকে ছুঁয়ে ‘আগুনপাখি’ কোন্ অর্থে স্মৃতির আখ্যান হয়ে উঠেছে, তার পরিচয় দাও। ১০

অথবা

- (চ) ‘আগুনপাখি’ উপন্যাসের নামের ব্যঞ্জনা বিষয়বস্তুর প্রেক্ষিতে কতটা যথার্থ হয়ে উঠেছে? ১০

একক-৪

(ছ) “দেশভাগের নিভৃত ক্রন্দন নরেন্দ্রনাথ মিত্রের ‘পালঙ্ক’ গল্পের মূল উপজীব্য।” – মন্তব্যটির যথার্থতা নির্ণয় করো। ১০

অথবা

(জ) নোয়াখালি দাঙ্গার প্রেক্ষাপটে হিন্দুর সংকটকে কেন্দ্রে রেখে এক তরুণের নিজের সম্প্রদায়ের পাপস্বালনের ব্রতপালন বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের ‘প্রায়শ্চিত্ত’ গল্প। – আলোচনা করো। ১০

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০) $৫ \times ২ = ১০$
- (ক) মন্বন্তরকেন্দ্রিক যে-কোনো একটি ছোটগল্প সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- (খ) “অনাহারে প্রথম মৃত্যুর অশনি-সংকেত।” – প্রথম মৃত্যুটি কার ? এই মৃত্যুর মধ্যে দিয়ে কোন্ ‘অশনি-সংকেত’ দ্যোতিত হচ্ছে, তা সংক্ষেপে বুঝিয়ে দাও। $১+৪ = ৫$
- (গ) “আমি किसের লেগে কি ছাড়লাম ? অনেক ভাবলাম। শ্যাষে একটি কথা মনে হলো, আমি আমাকে পাবার লেগেই এত কিছু ছেড়েছি।” – কোন্ প্রসঙ্গে এই বক্তব্যের অবতারণা ? এই বক্তব্যের মধ্যে দিয়ে বক্তার নতুন ব্যক্তিপরিচয় কীভাবে পরিস্ফুট হয়েছে ? $২+৩ = ৫$
- (ঘ) “হাড় ওরা পেয়েছে, কেবল মন্ত্র পাওয়াটাই বাকি।” – বক্তব্যটির নিহিতার্থ পরিস্ফুট করো। ৫

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—